



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৩.০৪.২০২৩

প্রেস রিলিজ

পাবিত্রবিতে ফ্রিল্যান্সিং স্কিল ডেভেলপমেন্ট বিষয়ে কর্মশালা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের আয়োজনে আজ ৩ এপ্রিল ফ্রিল্যান্সিং স্কিল ডেভেলপমেন্ট বিষয়ে শিক্ষার্থীদের জন্য একটি কর্মশালা হয়েছে। উদ্বোধনী কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। অতিথি হিসেবে ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক ড. কামরুজ্জামান খান। এতে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. হারুন-অর-রশিদ। কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ২০১৫-১৬ সেশনের শিক্ষার্থী, গ্রাফিক্স ডিজাইনার এসএম নাইম ইবনে রহমান ও ২০১৩-১৪ সেশনের শিক্ষার্থী, ওয়েব ডিজাইনার কাওছার আহমেদ।



কর্মশালায় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, তোমাদের দক্ষতাকে অনুশীলনের মাধ্যমে বাড়ানো এবং শেখাকে আরও ভালোভাবে কাজে লাগাতে হবে। ভিতরের সুষ্ঠু প্রতিভাকে জাগ্রত করে, জ্ঞানকে ছড়িয়ে দিতে হবে। আউটসোর্সিংকে আমাদের পেশা হিসেবেও নেওয়া যেতে পারে। এর মাধ্যমে অনেকেই অনেক ভালো অবস্থান তৈরি করেছেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

প্রতিমুহূর্তেই নিজেকে তুলে ধরা এবং নিজের প্রতিভাকে কাজে লাগাতে হবে। তিনি বলেন, এ ধরনের কর্মশালা একটি অসাধারণ উদ্যোগ। এর মাধ্যমে আমাদের অনেক কিছু শেখার আছে।



কর্মশালায় বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের ভার্সুয়াল ক্লাসরুমে সকাল ১০টায় কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক

মো.বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়